



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
সাইপস এন্ড টেকনোলজি শাখা



স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭৩.৪৪.০০৪.২২.৩০৮৫

তারিখ: ১৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: গবেষণা প্রকল্প জমাদানের সময় বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০২৩-২০২৪ অর্থ বছরে মৌলিক গবেষণাকর্মে সহায়তাদানের লক্ষ্যে দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দের নিকট থেকে গবেষণা প্রকল্প আহবান করা হয়েছিল। প্রকল্প আহবান সংক্রান্ত বিজ্ঞপ্তিটি দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়সহ ইউজিসি ওয়েব সাইট ও দুটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তিটিতে গবেষণা প্রকল্প দাখিলের সর্বশেষ সময় ছিল ৩১-০১-২০২৪ তারিখ। কিন্তু বিশ্ববিদ্যালয়সমূহ শীতকালীন ছুটিজনিত কারণে বন্ধ থাকায় অনেক শিক্ষক ও গবেষক নির্ধারিত সময়ের মধ্যে গবেষণা প্রকল্প দাখিল করতে পারেননি।

এমতাবস্থায়, কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী গবেষণা প্রকল্প দাখিলের সময়সীমা আগামী ০৮-০২-২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

০১-০২-২০২৪
ড. মোঃ ফখরুল ইসলাম
পরিচালক

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


- ১। রেজিস্ট্রার (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়) এবং
- ২। রেজিস্ট্রার, মেডিকেল বিশ্ববিদ্যালয় (অজিভূত ও অধিভুক্ত কলেজসমূহকে অবহিত করার অনুরোধসহ),।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭৩.৪৪.০০৪.২২.৩০৮৫/১ (৪)

তারিখ: ১৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (গবেষণা প্রকল্প জমাদানের সময় বৃদ্ধিকরণ সংক্রান্ত পত্রটি ইউজিসির ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো);
- ২। পিএস (উপ-সচিব), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- ৩। সহকারী সচিব, সদস্য (রিসাপা) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং
- ৪। ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (রিসাপা) মহোদয়ের পদপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।



০১-০২-২০২৪
মোঃ গোলাম মোস্তফা
উপ-পরিচালক